# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**03 OCTOBER 2025 7:45—7:55 PM**

---

১) জুবিন গার্গের মৃত্যুর ঘটনার ন্যায় বিচারের জন্য গৌহাটি হাইকোর্টের বিচারপতি সৌমিত্র শইকীয়ার নেতৃত্বে আগামীকাল একটি ন্যায়িক আয়োগ গঠন ।

২) রাজ্যে খুব শীঘ্রই ৩৫ হাজার প্রার্থী স্বচ্ছ ও সুষ্ঠভাবে নিযুক্তি লাভ করবেন বলে মুখ্যমন্ত্রীর ঘোষণা ।

৩) সামাজিক সুরক্ষার ক্ষেত্রে অসাধারণ সাফল্যের জন্য ভারতের ২০২৫ সালের আর্ন্তজাতিক সামাজিক সুরক্ষা পুরস্কার লাভ ।

এবং

৪) শিলচর এবং শ্রীভূমি জেলায় প্রতিমা নিরঞ্জন পর্ব আজও অব্যাহত ।

-----------------------------------------------------------------------------------

জুবিন গার্গের মৃত্যুর ঘটনার ন্যায় বিচারের জন্য গৌহাটি হাইকোর্টের বিচারপতি সৌমিত্র শইকীয়ার নেতৃত্বে আগামীকাল একটি ন্যায়িক আয়োগ গঠন করা হবে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা কিছুক্ষণ আগে সামাজিক মাধ্যমযোগে জনসাধারণকে সম্মোধন করে এ কথা জানিয়েছেন । তিনি জানান যে এই শিল্পীর মৃত্যুর ঘটনার ন্যা বিচার নিশ্চিত করার জন্য রাজ্য সরকার হাইকোর্টের বর্তমানের একজন বিচারপতির নেতৃত্বে একটি আয়োগ গঠন করতে মুখ্য বিচারপতির কাছে অনুরোধ জানিয়েছিল । এই অনুসারে আগামীকাল এই আয়োগ গঠন করা হবে বলে তিনি জানান । মুখ্যমন্ত্রী জানান যে ইচ্ছুক জনসাধারণ এই ঘটনা সম্পর্কে আয়োগের কাছে শপথনামা দাখিল করতে পারবেন ।

-----------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী আরো জানান যে রাজ্যে খুব শীঘ্রই ৩৫ হাজার প্রার্থী স্বচ্ছ ও সুষ্ঠভাবে নিযুক্তি লাভ করবে। তিনি বলেন যে আগামী ৭ অক্টোবর অরুণোদয় প্রকল্পের তৃতীয় পর্যায়ে ৩০ লক্ষ হিতাধিকারীকে আর্থিক সহায়তা প্রদান করা হবে ।

------------------------------------------------------------------------------------------

সিঙ্গাপুরে জুবিন গার্গের রহস্যজনক মৃত্যুর ঘটনা সম্পর্কে এস আই টি-র অভিযানে গতকাল রাতে গ্রেপ্তার করা জুবিন গার্গের সহ কন্ঠশিল্পী অমৃতপ্রভা মহন্ত এবং বাদ্যযন্ত্রবাদক শেখরজ্যোতি গোস্বামীকে ১৪ দিনের জন্য পুলিশের জিম্মায় প্রেরণ করা হয়েছে । সি আই ডি-র বিশেষ তদন্তকারী দলটি আজ সকালে দুজনকে কামরূপ মহানগর জেলার মুখ্য বিচারপতির আদালতে হাজির করায় । পরে আদালতে অভিযুক্ত শেখরজ্যোতি এবং অমৃত প্রভাকে ১৪ দিনের জন্য পুলিশের জিম্মায় প্রেরণ করে । উল্লেখ্য যে জুবিন গার্গের মৃত্যুর ঘটনায় গ্রেপ্তার হওয়া মূল অভিযুক্ত শ্যামকানু মহন্ত এবং সিদ্ধার্থ শর্মাকে ঘটনা সম্পর্কে বিশেষ তদন্তকারী দল জিজ্ঞাসাবাদ অব্যাহত রেখেছে । এদিকে সিঙ্গাপুরে জুবিন গার্গের সঙ্গে একসঙ্গে সাগরে যাওয়া আসাম এশোসিয়েশনের ১১ জন সদস্যকে আগামী ৬ অক্টোবরের মধ্যে হাজির হতে বিশেষ তদন্তকারী দল একটি বিজ্ঞপ্তী জারী করেছে । অন্যদিকে , সিঙ্গাপুরে জুবিন গার্গের রহস্যজনক মৃত্যুর পর গ্রেপ্তার পরিহার করতে বিতর্কীত শ্যামকানু মহন্ত উচ্চতম ন্যায়ালয়ের দারস্থ হওয়ার খবর পাওয়া গেছে । শিল্পীর মৃত্যু সম্পর্কে মামলা রুজু হওয়ার পরই শ্যামকানু মহন্ত গত ৩০ সেপ্টেম্বর সর্ব্বোচ্চ ন্যায়ালয়ে একটি ফৌজদারী লেখ আবেদন দাখিল করেন । এই আবেদন দাখিল করার পর আসাম পুলিশ তাকে দিল্লী বিমান বন্দর থেকে গ্রেপ্তার করে । আত্মপক্ষ সমর্থন করে এবং নিজের জীবনের ওপর হুমকি আসার কথা ব্যাক্ত করে শ্যামকানু মহন্ত এই আবেদন দাখিল করেছেন ।

------------------------------------------------------------------------------------------

রাজ্যের বন্যা সমস্যা সমাধানের জন্য জলসম্পদ বিভাগ ১৫ টি স্থানে বৃহৎ জলাশয় খননের পরিকল্পনা করেছে । নদী সংযোগ করে এই জলাশয়গুলি খনন করা হবে । জলসম্পদ মন্ত্রী পীযুষ হাজারিকা আজ এক সাংবাদিক সম্মেলনে একথা জানান । তিনি বলেন যে স্বরাষ্ট্র মন্ত্রনালয় এর জন্য ৬৯২ কোটি টাকায় অনুমোদন দিয়েছে ।শোনিতপুরে একটি বৃহৎ জলাশয় খনন করা হবে বলে মন্ত্রী জানান । বাইট মন্ত্রী জানান.....বন্যা প্রতিরোধের জন্য গ্রহণ করা পদক্ষেপের বিষয়ে উল্লেখ করে মন্ত্রী বলেন যে হিমন্ত বিশ্ব শর্মা নেতৃত্বাধীন সরকারের কার্যকালে রাজ্যে ৯০০ কিলোমিটার বাধঁ নির্মান করা হয়েছে ।১৯৪৭ সাল থেকে ২০২১ সাল পর্যন্ত রাজ্যে সাড়ে চার হাজার কিলোমিটার বাধঁ নির্মান করা হয়েছিল ও গত পাচ বছরে ৯০০ শ কিলোমিটার বাধ

নির্মান করা হয়েছে ।তিনি জানান যে রাজ্যের আরো দেড়শ কিলোমিটার বাধ নির্মান করা হবে ।বাধগুলি মেগা টিউব ও জিঅ বেগ  ব্যবহার করে শক্তিশালী করে নির্মান করা হয়েছে বলে মন্ত্রী জানান ।

---------------------------------------------------------------------------------------------

ভারত সামাজিক সুরক্ষার ক্ষেত্রে অসাধারণ সাফল্যের জন্য ২০২৫ সালের আর্ন্তজাতিক সামাজিক সুরক্ষা পুরস্কার লাভ করেছে । কেন্দ্রীয় শ্রম ও নিয়োগ মন্ত্রী মনসুখ মান্ডাভিয়া আজ মালয়েশিয়ার কোয়ালালমপুরে অনুষ্ঠিত আই এস এস এ বিশ্ব সামাজিক সুরক্ষা মঞ্চে এই পুরস্কার গ্রহণ করেন । পুরস্কার গ্রহণ করে শ্রী মান্ডাভিয়া বলেন যে এই পুরস্কার হচ্ছে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দেশের প্রত্যেক নাগরিকের সামাজিক কল্যাণ সুনিশ্চিত করার জন্য প্রদান করা প্রতিশ্রুতির সাক্ষী । তিনি সামাজিক সুরক্ষার সুবিধাগুলি প্রত্যেকটি অঞ্চলে পৌছে দেওয়ার বিষয়টি নিশ্চিত করা এবং দেশের শক্তিশালী ডিজিট্যাল গণ পরিকাঠামোর ওপর আলোকপাত করেন । ই-শ্রম পোর্টালের কথা উল্লেখ করে শ্রী মান্ডাভিয়া বলেন যে দেশে বর্তমানে সামাজিক সুরক্ষার ক্ষেত্র আরো বেশী শক্তিশালী হয়ে ওঠেছে । ২০১৫ সালে সামাজিক সুরক্ষার ক্ষেত্র ১৯ শতাংশ ছিল যা  ২০২৫ সালে ৬৪ দশমিক ৩ শতাংশে বৃদ্ধি পেয়েছে তার মূল কারণ হচ্ছে সরকার দেশের ৯৪ কোটির অধিক লোককে সামাজিক সুরক্ষা প্রদানের আওতায় নিয়ে এসেছে বলে তিনি উল্লেখ করেন । শ্রম এবং নিয়োগ মন্ত্রনালয় প্রকাশ করে যে আই এস এস এ সরকারের পরিবর্তনশীল ই-শ্রম পোর্টালের পদক্ষেপের প্রশংসা করেছে যেখানে ৪ বছরে ৩০ কোটিরও অধিক অসংগঠিত ক্ষেত্রের শ্রমিকের নাম পঞ্জীয়ন করা হয়েছে । উল্লেখ্য যে এই পুরস্কারের মাধ্যমে দেশের ব্যতিক্রমী অগ্রগতির স্বীকৃতি প্রদান করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আকাশবাণীর মাসিক অনুষ্ঠান মন-কি-বাতের আজ ১১ বছর সম্পূর্ণ হয়েছে । ২০১৪ সালের তেসরা অক্টোবরের বিজয়া দশমীর দিন মন-কি-বাতের প্রথম সংস্করণ প্রচারিত হয়েছিল । ইতিমধ্যেই প্রধানমন্ত্রী মন-কি-বাতের ১২৬তম পর্বে দেশবাসীর কাছে বিভিন্ন বিষয়ের ওপর নিজের মতামত প্রকাশ করেছেন ।

মন-কি-বাত শুধুমাত্র আকাশবাণীর অনুষ্ঠান নয় , এই অনুষ্ঠান একটি সামাজিক ও সাংস্কৃতিক পরিবর্তণের প্রতীক হয়ে ওঠেছে যা দেশের প্রত্যেকটি অঞ্চলকে প্রভাবিত করেছে । এই অনুষ্ঠানের মাধ্যমে সামাজিক পরিবর্তন এবং জাতীয় ঐক্য শক্তিশালী করার জন্য জনসাধারণকে উৎসাহিত করেছে । মন-কি-বাত শুধুমাত্র রূপান্তরিত নীতিকে

গণ আন্দোলনে পরিবর্তণ করেনি , এই অনুষ্ঠান দেশের প্রত্যেকটি অঞ্চলে একজন নেতার কণ্ঠকে পৌছে দিতেও সক্ষম হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার তিনজেলায় পাচদিনব্যাপী শারদীয় দূর্গোৎসবের গতকাল বিজয়া দশমীতে আবহাওয়া প্রতিকূল থাকার জন্য সব বারোয়ারী পূজো এবং কিছু কিছু পারিবারিক পূজোর প্রতিমা নিরঞ্জন করা সম্ভব হয়নি । এর পরিপ্রেক্ষিতে আজও প্রতিমা নিরঞ্জন করা হচ্ছে ।

---------------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার শহর বিসর্জন ঘাট সহ অন্যান্য বিসর্জন ঘাটে আজও প্রতিমা নিরঞ্জন পর্ব চলছে । গতকাল প্রতিকূল আবহাওয়ার জন্য প্রতিমা নিরঞ্জন পর্ব পরোপুরি সম্ভব হয়ে উঠেনি । বিভিন্ন ক্লাবের পূজো ও পারিবারিক পূজোর পক্ষ থেকে আজ দিনের বেলা দেবী দূর্গার প্রতিমা নিরঞ্জন পর্ব সম্পন্ন করতে দেখা গেছে ।

---------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে গত বুধবার বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে জেলার প্রতিষ্ঠা দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে তরুন সংঘ পূজা মন্ডপের পাশে এবং পাইকানে দত্তপাড়া পূজা মন্ডপে দুটি স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়েছে । পাশাপাশি লক্ষীরবন্দে থাকা উদীচি পরিচালিত বৃদ্ধাবাস এবং কাটলিছড়া লতাকান্দিতে থাকা বৃদ্ধাবাসের আবাসিকদের স্বাস্থ্য পরীক্ষা করা হয় । এছাড়া হাইলাকান্দি ও লালা পৌরসভার সাফাই কর্মীদের সংবর্ধনা জানানো হয় । হাইলাকান্দি পৌরসভা কক্ষে আয়োজিত সংবর্ধনা সভায় জেলা আয়ুক্ত অভিষেক জৈন উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------------

এ আই ইউ ডি এফ দলের ২১তম প্রতিষ্ঠা দিবস আজ বিভিন্ন কার্যসূচীর মধ্য দিয়ে পালন করা হয়েছে । দলের জেলা সভাপতি শাহাবুল ইসলাম চৌধুরীর পৌরহিত্যে আজ শ্রীভূমি জেলা এ আই ইউ ডি এফ কার্য্যলয়ে আয়োজিত সভায় ২০০৫ সাল থেকে দলের জন্য জীবন উৎসর্গ করা কর্মীদের শ্রদ্ধার সঙ্গে স্মরন করা হয় । সভাপতি শ্রীচৌধুরী তার বক্তব্যে আসামের বঞ্চিত ও উপেক্ষিত জনগোষ্ঠীর অধিকার , পরিচয় এবং সম্মান রক্ষায় প্রতিজ্ঞাবদ্ধ হতে আহ্বান জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার বাগমারা বাইপাসে গতকাল রাতে এক সড়ক দূর্ঘটনায় এক যুবকের মৃত্যু হয়েছে । মৃত যুবকের নাম গৌরব দেবনাথ । বাড়ী হাইলাকান্দি শহরের তোপখানা এলাকায় । আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন যে টাটা

মোর্টরসের কর্মচারী গৌরব গতকাল রাত আনুমানিক সাড়ে ১১টায় দূর্ঘটনার শিকার হয়েছেন । পুলিশের প্রাথমিক ধারনা , সড়কের পাশে দাড়িয়ে থাকা একটি গাড়িতে সজোড়ে ধাক্কা লাগার ফলেই এই দূর্ঘটনা ঘটেছে ।

--------------------------------------------------------------------------------